শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

**"মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ"**
**"মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন"**


ISO 9001:2015 Certified

**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২**
**পাগলাপীর, রংপুর।**

টেলিফোন নম্বরঃ 0521-57000
ই-মেইলঃ gmrpbs2@gmail.com
ওয়েব সাইটঃ www.pbs2.rangpur.gov.bd


স্মারক নং-২৭.১২.৮৫৪৯.৫২২.০২.০১৯.২২.৪৭৪৮

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ **"রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ বীমা" করণের লক্ষ্যে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসঙ্গে।**

নিম্নের বর্ণনা অনুযায়ী রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় RFQ পদ্ধতিতে ৩৭৭ জন কর্মকর্তা/কর্মচারীর গ্রুপ বীমা করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত বীমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | দরপত্র দাখিল ও খোলার স্থান | : | ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।<br>খ) সিনিয়র জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, পাগলাপীর, রংপুর। |
| ০২ | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | : | ২৭/১০/২০২২ খ্রিঃ, সময়: বেলা ১১:৩০ ঘটিকা। |
| ০৩ | দরপত্র খোলার তারিখ ও সময় | : | ২৭/১০/২০২২ খ্রিঃ, সময়: বেলা ১১:৩৫ ঘটিকা। |

| ক্রঃ নং | বীমার বিবরণ | বীমাভুক্ত কর্মকর্তা/ কর্মচারীগণের সংখ্যা | একক প্রিমিয়ামের পরিমাণ (হাজারে) | মোট প্রিমিয়ামের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | বীমার অঙ্ক হবে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীগণের ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ অথবা সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা এর মধ্যে যা কম।<br><br>**গ্রুপ সাময়িক জীবন বীমাঃ**<br>৫০% প্রিমিয়াম ফেরৎযোগ্য, গোষ্ঠী জীবন বীমা দুর্ঘটনাজনিত কারণে মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ বীমা ও দুর্ঘটনাজনিত কারণে অঙ্গহানী বীমা।<br><br>**বীমা প্রিমিয়ামের হার প্রদানের ক্যাটাগরীঃ**<br>(১) বেসিক বা মৃত্যু ঝুঁকি (GT)।<br>(২) দুর্ঘটনা মৃত্যু ঝুঁকি (ADB)।<br>(৩) স্থায়ী আংশিক সম্পূর্ণ অক্ষমতা ঝুঁকি (PPD)।<br>(৪) স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা ঝুঁকি (PTD)। | ৩৭৭ জন<br>(কার্যাদেশ প্রদানের সময় কম/বেশী হতে পারে)<br><br>মোট বীমা অঙ্ক<br>১৮,৭৯,৬৯,৪৪০/=<br>(আঠারো কোটি উনআশি লক্ষ উনসত্তর হাজার চারশত চল্লিশ) টাকা আনুমানিক | | |
| | | | মোট = | |
| | | | | |

**শতাবলী:**

০১। আগামী ২৭/১০/২০২২ খ্রিঃ তারিখে বর্ণিত "রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ বীমা" করণের দরপত্র সীলগালা যুক্ত খামে ক্রমিক নং-০১ এ বর্ণিত স্থানে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

০২। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নিবন্ধনের/প্রমাণকের অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে এবং স্টক এক্সচেঞ্জ (শেয়ার মার্কেট) এ **"A" ক্যাটাগরী** হিসেবে তালিকাভূক্তির প্রমাণক দিতে হবে। এক্ষেত্রে যে সকল বীমা কোম্পানী সর্বশেষ তিন বছর লভ্যাংশ ঘোষণা করছে সে সকল বীমা কোম্পানীই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন (প্রমাণক সংযুক্ত করতে হবে)। তাছাড়া যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে গ্রুপ বীমা চুক্তি এবং সফলভাবে চুক্তি সমাপনান্তে বীমা দাবী পরিশোধের অথবা প্রফিট কমিশন পরিশোধের প্রমাণক সংযুক্ত করতে হবে। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা বিশেষভাবে বিবেচনা করা হবে। নিয়মানুযায়ী ভ্যাট-ট্যাক্স ও প্রযোজ্য অন্যান্য সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।

**২য় পৃঃ দ্রঃ/**

০৩। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্ত হতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে।

০৪। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে "রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারীর গ্রুপ বীমা দরপত্র" কথাটি লিখতে হবে।

০৫। গ্রুপ জীবন বীমায় স্বাভাবিক মৃত্যুতে বীমাকৃত পরিমাণ, দুর্ঘটনায় মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ বীমা (ADB), স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা বা অঙ্গহানী বীমা (PTD), দুর্ঘটনাজনিত কারণে স্থায়ী আংশিক অক্ষমতা বা অঙ্গহানী বীমা (PPD) অন্তর্ভূক্ত থাকতে হবে। এছাড়া মহামারী/অতিমারী ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ কর্মকর্তা/কর্মচারী বীমা অন্তর্ভূক্ত হবে।

০৬। বীমা চুক্তির মেয়াদ চুক্তি সম্পাদনের তারিখ হতে আগামী ০৩ (তিন) বছরের জন্য করা হবে। তবে প্রতিবছর বীমার প্রিমিয়াম পরিশোধ করতে হবে।

০৭। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন এবং ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৮। বীমা চুক্তির মেয়াদ থাকাবস্থায় কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুতে/দুর্ঘটনাজনিত কারণে অঙ্গহানীতে দ্রুত বীমা দাবী পরিশোধ করতে হবে।

০৯। সরকারী নিয়মানুযায়ী দাখিলকৃত বিল হতে ভ্যাট/আয়কর কর্তন করা হবে। এ সংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সরকারী নীতিমালা প্রতিপালিত হবে।

১০। রংপুর পবিস-২ এ কর্মরত থাকাকালীন কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে কেউ স্বাভাবিকভাবে মৃত্যুবরণ করলে তার উত্তরাধিকারীগণকে সর্বশেষ মাসের মূল বেতনের ২৪ গুন অথবা সর্বোচ্চ ৫,০০,০০০/(পাঁচ লক্ষ) টাকা জীবন বীমা প্রতিষ্ঠানকে দ্রুততার সাথে মৃত্যু দাবী হিসেবে পরিশোধ করতে হবে।

১১। প্রতিষ্ঠানে নতুন কোন কর্মকর্তা/কর্মচারী যোগদান করলে অথবা চাকুরী স্থানান্তরের কারণে অত্র পবিসে বদলী করা হলে তাদেরকে উক্ত গোষ্ঠী বীমায় অন্তর্ভূক্ত করা হবে। রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর গোষ্ঠী জীবন বীমার আওতায় চুক্তিবদ্ধ কোন কর্মকর্তা/কর্মচারী অন্য পবিস-এ বদলী হলে তিনিও বীমার আওতায় প্রাপ্য বীমাকৃত সুযোগ সুবিধা ভোগ করবেন।

১২। আগ্রহী দরদাতা বীমা কোম্পানীকে অবশ্যই স্টক এক্সচেঞ্জের তালিকাভূক্ত হতে হবে।

১৩। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে বীমা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের সময় সংখ্যা/পরিমাণ কম/বেশী হতে পারে।

১৪। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে, দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সমিতির কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ হারুন-অর-রশিদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>

০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)।
০৩। জেলা প্রশাসক, রংপুর/নীলফামারী।
০৪। পুলিশ সুপার, রংপুর/নীলফামারী।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী(এসওডি), বাপবিবো, রংপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................ পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর।
০৯। নির্বাহী প্রকৌশলী, জেলা সড়ক ও জনপথ, রংপুর।
১০। ডিজিএম (সকল), রংপুর পবিস-২।
১১। এজিএম (সকল), রংপুর পবিস-২।
১২। এজিএম(আইটি), রংপুর পবিস-২----ওয়েব সাইট (www.pbs2.rangpur.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৩। নোটিশ বোর্ড, রংপুর পবিস-২।

(মোঃ হারুন-অর-রশিদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার